# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 4th Semester Examination, 2024

DINABANDHU MAHAVIDYALAYA Estd.-1947 CENTRAL LIBRARY

## BNGACOR09T-BENGALI (CC9)

## রবীন্দ্র সাহিত্য

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে) ১০×৪ = ৪০

**একক-১**

(ক) 'ঘরে বাইরে' উপন্যাসের বিষয়বস্তুর পরিস্ফুটনে আত্মকথনরীতির প্রয়োগ কতখানি সার্থক হয়েছে, তা বিচার করো। ১০

**অথবা**

(খ) "রাজনৈতিক আন্দোলন সন্দীপের ন্যায় চরিত্র সৃষ্টি করে না, তাহাদিগকে ব্যক্তিগত জীবনের নির্জন কোণ হইতে টানিয়া আনিয়া দেশ-প্রতিনিধিত্বের রাজসিংহাসনে বসায়" — মন্তব্যটির যাথার্থ্য নির্দেশ করো। ১০

**একক-২**

(গ) 'শকুন্তলা' প্রবন্ধের মূল তাৎপর্য ব্যাখ্যা ক'রে রবীন্দ্রনাথের দৃষ্টিভঙ্গীর অভিনবত্ব ও কাব্যানুভূতির বৈশিষ্ট্য পরিস্ফুট করো। ১০

**অথবা**

(ঘ) '... কেবল অতীত বর্তমান নহে, প্রত্যেক মানুষের মধ্যে অতল স্পর্শ বিরহ।' — প্রাচীন সাহিত্যের 'মেঘদূত' অবলম্বনে এই 'অতল স্পর্শ বিরহে'র স্বরূপ উদ্‌ঘাটন করো। ১০

**একক-৩**

(ঙ) "আমরা যখন ছোটো ছিলুম, সন্ধ্যাবেলায় কলকাতা শহর এখনকার মতো এত বেশি সজাগ ছিল না" — এই প্রসঙ্গে রবীন্দ্রনাথ 'ছেলেবেলা' গ্রন্থে যে স্মৃতিচারণ করেছেন, তার সংক্ষিপ্ত বিবরণ দাও। ১০

**অথবা**

(চ) "এই কলে দম দেওয়ার কাজ ছিল আমার সেজদাদা হেমেন্দ্রনাথের হাতে।" — কোন্ কলের কথা লেখক ইঙ্গিত করেছেন ? এই প্রসঙ্গে রবীন্দ্রনাথ তাঁর সেজদাদার যে পরিচয় উপস্থাপন করেছেন, সে সম্পর্কে লেখো। ১০

একক-৪

(ছ) ''বলশেভিক অর্থনীতি সম্বন্ধে আমার মত কী, একথা অনেকে আমাকে জিজ্ঞাসা করে থাকেন'' — 'রাশিয়ার চিঠি'-তে এই প্রসঙ্গে রবীন্দ্রনাথ যে অভিমত ব্যক্ত করেছেন, তা নিজের ভাষায় লেখো। ১০

অথবা

(জ) ''রাশিয়ায় গিয়েছিলুম ওদের শিক্ষাবিধি দেখবার জন্যে।'' — সোভিয়েত দেশ শিক্ষাকে কীভাবে প্রাণবান করে তুলেছে, 'রাশিয়ার চিঠি' গ্রন্থ অবলম্বনে তার পরিচয় দাও। ১০

২। যে-কোনো *দুটি* প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০ হবে) ৫×২ = ১০

(ক) 'ঘরে বাইরে' উপন্যাসে অমূল্য চরিত্রের করুণ পরিণতির কারণ সংক্ষেপে আলোচনা করো। ৫

(খ) ''রঙ ফলাইতে কবির কী আনন্দ। যেন শ্রান্তি নাই, তৃপ্তি নাই।'' — কোন্ কবির কোন্ গ্রন্থ সম্বন্ধে রবীন্দ্রনাথ এমন মন্তব্য করেছেন ? বিষয়টি খুব সংক্ষেপে বুঝিয়ে দাও। ১+১+৩

(গ) ''সকাল থেকে রাত পর্যন্ত পড়াশুনার জাঁতাকল চলছেই ঘর্ঘর শব্দে'' — প্রসঙ্গ উল্লেখপূর্বক উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

(ঘ) ''এই তিন পথ দিয়ে এরা সমস্ত জাতি মিলে চিত্ত, অন্ন এবং কর্মশক্তিকে সম্পূর্ণতা দেবার সাধনা করছে।'' — প্রসঙ্গ উল্লেখ ক'রে মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করো। ৫

DINABANDHU MAHAVIDYALAYA Estd.-1947 CENTRAL LIBRARY

——×——